

সিসিসি প্রতিবছর শিক্ষা খাতে ২৩ কোটি টাকা ভর্তুকি দেয়

চট্টগ্রাম ব্যুরো
চট্টগ্রাম সিটি করপোরেশন প্রতিবছর শিক্ষা খাতে ২৩ কোটি টাকা ভর্তুকি দেয়। এই খাতে বিভিন্ন উৎস থেকে ১২ কোটি টাকা আয় হলেও এতে ব্যয় হয় বছরে ৩৫ কোটি টাকা। গতকাল সকালে সিটি করপোরেশন মিলনায়তনে চট্টগ্রাম সিটি করপোরেশনের বিভিন্ন কলেজে সদস্য যোগদানকৃত প্রভাষকদের সঙ্গে এক মতবিনিময় অনুষ্ঠানে সিটি মেয়র মোহাম্মদ মনজুর আলম এ কথা বলেন। চট্টগ্রাম সিটি করপোরেশনের বিভিন্ন কলেজের জন্য প্রভাষক নিয়োগের আহ্বান করা হলে এতে নির্বাচিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া ৮০ জন প্রভাষক গতকাল চট্টগ্রাম সিটি করপোরেশন শিক্ষা বিভাগে যোগদান করেন। মতবিনিময় সভায় সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা আলী আহমেদ, সচিব রশিদ আহমদ, প্রধান শিক্ষা কর্মকর্তা মুহম্মদ শহীদুল্লাহ এবং যোগদানকৃত প্রভাষকদের মধ্যে নৈয়দা আতিয়া খানম ও জাহিরুল আলম বক্তব্য রাখেন। সিটি মেয়র মনজুর আলম বলেন, শিক্ষা ক্ষেত্রে চট্টগ্রাম সিটি করপোরেশন ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান। বিশেষ কোন দেশের সিটি করপোরেশন এত বেশি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছে তার নজির নেই।

শিক্ষাবাহুব নগরী গড়তে করপোরেশন-দীর্ঘকাল থেকে অগ্রাধিকার দিয়ে শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, বর্তমানে সিটি করপোরেশনের ৭০টি শিক্ষাপ্রতিষ্ঠানে নগরীর প্রায় ৭০ লাখ শিক্ষার্থী শিক্ষা নিচ্ছে। মেয়র এই বিশাল শিক্ষা কার্যক্রমে বাস্তব দিয়ে নগরবাসী বিরাট অবদান রাখছে বলে উল্লেখ করেন। মেয়র বলেন, পর্যায়ক্রমে করপোরেশন কুলঙ্কলোকে কলেজে উন্নীত করা হবে। তিনি নিয়োগকৃত প্রভাষকদের দায়িত্বশীল থাকার আহ্বান জানিয়ে মাননীয় শিক্ষা দান করে করপোরেশনের ভাবমূর্তি উজ্জ্বল করার পরামর্শ দেন। মেয়র আরও বলেন, শিক্ষিত জাতি গঠনে মেনব শিক্ষক নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করবেন আগামীতে তাদের অবশ্যই মূল্যায়ন করা হবে।

তড়িতাহতে নিহত ১
চট্টগ্রাম নগরে তড়িতাহত (বিদ্যুৎস্পৃষ্ট) হয়ে একজন নিহত হয়েছে। তার নাম মো. বেগিম (২০)। গত রোববার রাত সাড়ে ১২টায় পাহাড়তলী খানাবীন এলাকায় এ ঘটনা ঘটে। এনিকে বাগায় পড়ে থাকা বিদ্যুতের তারে জড়িয়ে এ মৃত্যুকে সংশ্লিষ্টরা পিডিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের গাফিলতিতে দায়ী করেছেন। তিনি মো. বেগিমের ছেলে বলে জানা গেছে।